

শিক্ষা কর্মশালা

▶▶ **গড়বেতা:** শিক্ষানীতি নিয়ে কর্মশালা হয়ে গেল গড়বেতা কলেজে। কলেজের রিসার্চ উপ সমিতি ও ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস সেলের উদ্যোগে একদিনের এই কর্মশালা হয় বুধবার। কর্মশালার উদ্দেশ্য ব্যাখ্যা করেন অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। কর্মশালার মুখ্য বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অমিয়কুমার পণ্ডা। সঞ্চালনা করেন অধ্যাপিকা রিতা শীল। রাজ্যের বিভিন্ন কলেজ, স্কুলের শিক্ষক-শিক্ষিকারা ছিলেন সেখানে।